



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ই-মেইল: [pro@bhbf.gov.bd](mailto:pro@bhbf.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র নতুন ব্যবস্থাপনা পরিচালক মোঃ আফজাল করিম



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক প্রজ্ঞাপনের প্রেক্ষিতে মোঃ আফজাল করিম ০১.০৩.২০২১ তারিখে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)-এ কাজে যোগদান করেছেন। বিএইচবিএফসি-এ যোগদানের পূর্বে তিনি সোনালী ব্যাংক লিমিটেড এর উপব্যবস্থাপনা পরিচালক পদে কর্মরত ছিলেন। তিনি ইতোপূর্বে বাংলাদেশ কৃষি ব্যাংক-এ উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে বিভিন্ন বিভাগ ও দফতরের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। বাংলাদেশ কৃষি ব্যাংকে সততা ও দক্ষতার স্বীকৃতি স্বরূপ ২০১৮-১৯ অর্থ বছরে তিনি শুদ্ধাচার পুরস্কারে ভূষিত হন। তিনি ১৯৯৫ সনে বিএইচবিএফসিতে সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদে চাকুরিতে যোগদান করেন এবং একই প্রতিষ্ঠানে উপ-মহাব্যবস্থাপক হিসেবে বিভিন্ন বিভাগের দায়িত্বসহ মহাব্যবস্থাপকের চলতি দায়িত্বও পালন করেন।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনে যোগদানের পূর্বে তিনি সেনা কল্যান সংস্থা, Duendi Tea Co Ltd. (Incorporated in U.K.) এবং বাংলাদেশ চা বোর্ড এ প্রায় ৮ বছর যথাক্রমে প্রজেক্ট ইনচার্জ, ব্যবস্থাপক এবং সহকারী ব্যবস্থাপক পদে দায়িত্ব পালন করেন।

মোঃ আফজাল করিম বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল), বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট থেকে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন-ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট (PGDIM) এবং এমবিএ (মেজর ইন ফাইন্যান্স এন্ড ব্যাংকিং) ডিগ্রি অর্জন করেন। তিনি ব্যাংকিং কর্মকান্ডের উপর দেশ-বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ করেন এবং সুদীর্ঘ ব্যাংকিং ক্যারিয়ারে সিজাপুর, থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ইতালিসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন।